

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৫৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৮. দিতীয় অনুচ্ছেদ - আত্মসংযম ও কাজে ধীরস্থিরতা

### আরবী

عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا حَلِيمَ إِلَّا ذُو تَجْرُبَةٍ» رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيب

#### বাংলা

৫০৫৬-[8] আবূ সা'ঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে দিধা-দ্বন্দ্ব অতিক্রম করেছে, সে ব্যতীত কেউ সহনশীল হয় না এবং যে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে ব্যতীত কেউ বিচারক হয় না। [আহমাদ ও তিরমিযী; আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি হাসান ও গরীব।][1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২০৩৩, আহমাদ ১১০৫৬, য'ঈফাহ্ ৫৬৪৬, য'ঈফুল জামি'উস্ সগীর ৬২৮৩, ইবনু হিবান ১৯৩, শু'আবুল ঈমান ৪৬৪৮, হিলইয়াতুল আওলিয়া ৮/৩২৪, আল মুসতাদরাক ৭৭৯৯, আল আদাবুল মুফরাদ ৫৬৫।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "দার্রাজ" নামের বর্ণনাকারী আছে, যার উপাধি আবুস্ সাম্হ, সে য'ঈফ। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয য'ঈফাহ ৫৬৪৬।

#### ব্যাখ্যা



वर्था निराजत वा जानात कि विज्ञत वा कि चोकि के विज्ञत रक्ष विज्ञत रक्ष विज्ञत रक्ष विज्ञत राजि के विज्ञत राजि वा ا

মুল্লা 'আলী কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ ব্যাখ্যাকার বলেছেন, সকল বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করা ছাড়া ও সংশোধনমূলক জ্ঞান ও ধ্বংসাত্মক জ্ঞান অর্জন না করে কেউ পূর্ণ বিচারক হতে পারে না।

কারণ হলো জ্ঞান অর্জন না করে কেউ পূর্ণ বিচারক হতে পারে না, কারণ বিচারক কোন বিষয়ের হিকমাত ছাড়া কোন কাজ করতে পারেন না। আর হিকমাতই কোন বিষয় নষ্ট হওয়া থেকে সঠিকতায় পৌঁছে দেয়। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০৩৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন